

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং -৪৫.১৭৪.০০২.১১.০০.০১১.২০১১-৭২৮

তারিখ : ১৮.১১.২০১৪ খ্রিঃ

প্রেরক : ড. মো: এনামুল হক
উপ সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়স্বীকৃত স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “হেলথ ইকনোমিক্স এন্ড ফাইন্যান্সিং (এইচইএফ), স্বাপকম” প্রোগ্রামের অনুকূলে চলতি ২০১৪-১৫ অর্থবছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি খাত হতে ২য় কিস্তি বাবদ ৩৭.৫০ লক্ষ (সাঁইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৬.০৮.২০১৪ তারিখের ৪৫.১৭৪.০০২.১১.০০.০১১.২০১১-৫৮৮ সংখ্যক স্মারকের অনুমোদিত বিভাজন অনুযায়ী আদিষ্ট হয়ে আমি “হেলথ ইকনোমিক্স এন্ড ফাইন্যান্সিং (এইচইএফ), স্বাপকম” (কোড নং-৫-২৭০১-৫৫৩০) শীর্ষক প্রোগ্রামের অনুকূলে চলতি ২০১৪-১৫ অর্থবছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি খাত হতে নিম্নবর্ণিত শর্তে ২য় কিস্তি বাবদ ৩৭.৫০ লক্ষ (সাঁইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। মূলধন ও রাজস্বখাতের নির্দিষ্ট ব্যয় খাত অনুসারে এই আদেশ জারি করা হয়েছেঃ


(অংক সমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (কোড নং-২৭০১)	“হেলথ ইকনোমিক্স এন্ড ফাইন্যান্সিং (এইচইএফ)” (কোড নং-৫-২৭০১-৫৫৩০)	অনুমোদিত	২য় কিস্তি বাবদ জিওবি অর্থ	৩৭.২৫	০.২৫	৩৭.৫০

শর্তাবলী :

- এই অর্থ ব্যয়ে সরকারী সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে ;
- এই ব্যয় চলতি ২০১৪-১৫ অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর এইচপিএনএসডিপি’র “হেলথ ইকনোমিক্স এন্ড ফাইন্যান্সিং (এইচইএফ), স্বাপকম” (কোড নং-৫-২৭০১-৫৫৩০) হতে বহন করা হবে ;
- পরবর্তী কিস্তির অর্থছাড়ের সাথে ১ম-২য় কিস্তিতে ছাড়কৃত অর্থের বিস্তারিত ব্যয় বিবরণী দাখিল করতে হবে;
- উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ এই অংক বহির্ভূত) ; এবং
- এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

২. এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের নং-০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পন করা হয়েছে সেই অনুযায়ী জারি করা হলো :


(ড. মো: এনামুল হক)
উপ সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০


-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য -

নং -৪৫.১৭৪.০০২.১১.০০.০১১.২০১১-৭২৮/১(৭)

তারিখ : ১৮.১১.২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক (স্বাস্থ্য অর্থনীতি ইউনিট) ও লাইন ডাইরেক্টর (হেলথ ইকোনোমিক্স এন্ড ফাইন্যান্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ১৪/২ তোপখানা রোড, ঢাকা।
২. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. উপ-সচিব (এফএমএ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(ড. মো: এনামুল হক)
উপ সচিব